নোবেল শান্তি পুরস্কার না পেয়ে নরওয়েকে জঘন্য বললেন ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

নোবেল শান্তি পুরস্কার না পাওয়ার প্রসঙ্গ টেনে নরওয়ের নাগরিকদের যুক্তরাষ্ট্রে অভিবাসনের সুযোগ না দেওয়ার কথা বলেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এক রাজনৈতিক সমাবেশে তিনি নরওয়েকে 'জঘন্য ও অকার্যকর' বলেও মন্তব্য করেন।

আসন্ন মধ্যবর্তী নির্বাচন সামনে রেখে রোববার মিশিগানের পোর্ট হিউরনে আয়োজিত সমাবেশে বক্তব্য দেন ট্রাম্প। সেখানে অভিবাসন নিয়ে কথা বলতে গিয়ে ফ্রান্সের সাম্প্রতিক অস্থিতিশীলতার জন্য অভিবাসীদের দায়ী করেন তিনি। ট্রাম্প বলেন, বিভিন্ন দেশের নাগরিকদের যুক্তরাষ্ট্রে আসার সুযোগ দিতে রাজি থাকলেও নরওয়ের কাউকে নিতে চান না।

নরওয়ের প্রতি অসন্তোষের কারণ হিসেবে ট্রাম্প বলেন, দেশটির রাজধানী অসলোতে অবস্থিত নোবেল কমিটি তাকে শান্তিতে নোবেল পুরস্কার দেয়নি। পুরস্কার না পাওয়ার বিষয়টি নিয়ে চলতি মাসের শুরুতেও নরওয়ের সমালোচনা করেছিলেন তিনি। সে সময় সিদ্ধান্তটিকে দেশটির জন্য 'মুছে না যাওয়ার মতো কলঙ্ক' বলে উল্লেখ করেন ট্রাম্প।

তবে সমাবেশে দেওয়া বক্তব্যের পর নরওয়ের নাগরিকদের জন্য যুক্তরাষ্ট্রের ভিসা বা অভিবাসন ব্যবস্থায় নতুন বিধিনিষেধ আরোপের বিষয়ে মার্কিন প্রশাসনের কোনো আনুষ্ঠানিক ঘোষণা পাওয়া যায়নি।

অন্যদিকে, অর্থনৈতিকভাবে নরওয়ে বিশ্বের সমৃদ্ধ দেশগুলোর একটি। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) তথ্য অনুযায়ী, মাথাপিছু আয়ের হিসাবে দেশটি শীর্ষস্থানীয় অর্থনীতির মধ্যে রয়েছে। ২০২৬ সালের প্রথমার্ধে নরওয়ের সার্বভৌম সম্পদ তহবিল ১৮৪ দশমিক ৩ বিলিয়ন ডলার মুনাফা করেছে।

ট্রাম্পের মন্তব্য নিয়ে নরওয়ের পররাষ্ট্র মন্ত্রণালয় ও অসলোভিত্তিক নোবেল কমিটির পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানানো হয়নি।

সূত্র: আরব নিউজ